



# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/১৬১১


তারিখঃ ১২/১০/২০১৪ ইং

## প্রেস বিজ্ঞপ্তি

বিগত ২৮ সেপ্টেম্বর ২০১৪ থেকে ২ অক্টোবর ২০১৪ পর্যন্ত ব্রাজিলের রিও-ডি-জেনেইরো শহরে International Organization of Securities Commissions (IOSCO) এর বাৎসরিক সম্মেলন অনুষ্ঠিত হয়। উক্ত সম্মেলনে বাংলাদেশ থেকে প্রতিনিধিত্ব করেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এবং কমিশনার জনাব আরিফ খান।

বিগত ২০১৩ সালের ডিসেম্বর মাসের ২২ তারিখে বিএসইসি IOSCO এর “A” ক্যাটাগরীতে উন্নীত হওয়ায় এবারের রিও-ডি-জেনেইরো সম্মেলনে আনুষ্ঠানিকভাবে বিএসইসি-কে সম্বর্ধনা জানানো হয়। একই সাথে কমিশনের চেয়ারম্যান -কে “A” ক্যাটাগরীতে উন্নীত হওয়া সংক্রান্ত IOSCO এর Original সনদ প্রদান করা হয় এবং সকলের উপস্থিতিতে (IOSCO এর সকল কর্মকর্তা এবং সদস্যদের উপস্থিতিতে) কমিশনের চেয়ারম্যান Memorandum of Understanding (MMoU) তে স্বাক্ষর করেন।

সম্মেলনে অতি দ্রুততার সাথে “A” ক্যাটাগরীতে উন্নীত হওয়ার লক্ষ্যে প্রতিবন্ধকতা দূরীকরণের নিমিত্তে প্রয়োজনীয় বিধিবিধান এবং আইন সংশোধন ও সংযোজন করায় বিএসইসি এবং বাংলাদেশ সরকারকে IOSCO এর পক্ষ থেকে বিশেষভাবে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। বাংলাদেশের এই অর্জনের ফলে বিশ্বের বিনিয়োগকারী প্রতিষ্ঠানসমূহসহ IOSCO এর সদস্য দেশসমূহের বাংলাদেশের পুঁজিবাজারের প্রতি আগ্রহ বৃদ্ধি পাবে বলে আশা করা যাচ্ছে।

  
০২/১০/২০১৪  
মোঃ সাইফুর রহমান  
নির্বাহী পরিচালক ও মুখপাত্র



ব্রাজিলের রিও-ডি-জেনেইরো তে IOSCO-র MMoU -তে কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন -কে স্বাক্ষর করতে দেখা যাচ্ছে। পাশে উপবিষ্ট অন্যান্যদের মধ্যে IOSCO বোর্ডের চেয়ারম্যান (বামে) এবং সেক্রেটারী জেনারেল (ডানে)।



IOSCO -এর “A” ক্যাটাগরীতে উন্নীত হওয়ায় IOSCO বোর্ডের চেয়ারম্যান এবং সেক্রেটারী জেনারেল আনুষ্ঠানিকভাবে Original সনদ কমিশনের চেয়ারম্যান এর নিকট হস্তান্তর করেন।

*M. Rahman*  
22/10/2018

মোঃ সাইফুর রহমান

নির্বাহী পরিচালক ও মুখপাত্র